# মুখতাসার সহীহ আল-বুখারী

## হাদিস নাম্বারঃ ৩০১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৮৬]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মদীনার রাস্তাসমূহে যে সমস্ত মসজিদ রয়েছে এবং যে সকল স্থানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামায পড়েছেন

بَابُ الْمَسَاجِدِ الَّتِي عَلَى طُرُقِ الْمَدِينَةِ

আরবী

□□□ـ وَكَانَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ يُصَلِّي إِلَى الْعِرْقِ الَّذِي عِنْدَ مُنْصَرَفِ الرَّوْحَاءِ، وَذَلِكَ الْعِرْقُ انْتِهَاءُ طَرَفِهِ عَلَى حَافَةِ الطَّرِيقِ، دُونَ الْمَسْجِدِ الَّذِي بَيْنَهُ وَبَيْنَ الْمُنْصَرَفِ، وَأَنْتَ ذَاهِبٌ إِلَى مَكَّةَ، وَقَدِ ابْتُنِيَ ثَمَّ مَسْجِدٌ، فَلَمْ يَكُنْ عَبْدُاللَّهِ ابْنُ عُمَرَ يُصَلِّي فِي ذَلِكَ الْمَسْجِدِ، كَانَ يَتْرُكُهُ عَنْ يَسَارِهِ وَوَرَاءَهُ، وَيُصَلِّي أَمَامَهُ إِلَى الْعِرْقِ نَفْسِهِ، وَكَانَ عَبْدُاللَّهِ يَرُوحُ مِنَ الرَّوْحَاءِ، فَلا يُصَلِّي الظُّهْرَ حَتَّى يَأْتِيَ ذَلِكَ الْمَكَانَ، فَيُصَلِّي فِيهِ الظُّهْرَ، وَإِذَا أَقْبَلَ مِنْ مَكَّةَ، فَإِنْ مَرَّ بِهِ قَبْلَ الصُّبْحِ بِسَاعَةٍ أَوْ مِنْ آخِرِ السَّحَرِ، عَرَّسَ حَتَّى يُصَلِّيَ بِهَا الصُّبْحَ. (بخارى:□□□

বাংলা

৩০১) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) সেই ছোট পাহাড়ের কাছেও নামায পড়তেন, যা রাওহার শেষ প্রান্তে অবস্থিত। ঐ ছোট পাহাড়টি রাস্তার শেষ প্রান্তে গিয়ে শেষ হয়েছে। তুমি মক্কা যাওয়ার পথে দেখতে পাবে পাহাড়টি ঐ মসজিদ এবং রাওহার শেষ প্রান্তের মধ্যখানে অবস্থিত। সেখানে আরো একটি মসজিদ নির্মিত হয়েছে। কিন্তু আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) এ মসজিদে নামায পড়তেন না। এই মসজিদকে তিনি বাম দিক থেকে পেছনে রাখতেন। তিনি সামনে অগ্রসর হয়ে পাহাড়কে সামনে রেখে নামায পড়তেন।

আব্দুল্লাহ ইবনে উমার রাওহা থেকে সকালে যাত্রা করে ঐ স্থানে না পৌঁছে যোহরের নামায পড়তেন না; বরং ঐ স্থানে গিয়ে যোহরের নামায পড়তেন। আর মক্কা হতে আসার পথে যদি ফজরের সামান্য পূর্বে কিংবা শেষ রাত্রে সেখান দিয়ে অতিক্রম করতেন, তাহলে সেখানে নেমে ফজর পর্যন্ত অপেক্ষা করতেন এবং নামায সেখানেই আদায় করতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89599

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন